

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত স্থায়ী কমিটি'র মে/২০২১ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি	: ফাতেমা মনির, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর।
স্থান	: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বন্দর, নারায়ণগঞ্জ।
তারিখ	: ১৩-০৫-২০২২ খ্রিঃ, সময় ৪ সকাল ১১:৩০ ঘটিকা।

আলোচ্যসূচী :

১. গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ সংক্রান্ত।
২. স্বাস্থ্য শিক্ষা ও সেনিটারী ইন্সপেক্টরের কার্যক্রম সংক্রান্ত।
৩. জরুরি প্রস্তুতি সেবা সংক্রান্ত।
৪. বিবিধ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নারায়ণগঞ্জ সদর	সভাপতি	স্বাক্ষরিত
০২	চেয়ারম্যান, ফতুল্লা ইউনিয়ন পরিষদ, নারায়ণগঞ্জ সদর	সদস্য	স্বাক্ষরিত
০৩	চেয়ারম্যান, গোগনগর ইউনিয়ন পরিষদ, নারায়ণগঞ্জ সদর	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব মো: শামী আহমেদ, সদস্য, কাশীপুর ইউনিয়ন ৭ নং ওয়ার্ড নারায়ণগঞ্জ সদর	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর।	সদস্য-সচিব	স্বাক্ষরিত

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং গত সভার সিদ্ধান্তসমূহ উপস্থাপন করা হয়।

আলোচ্য বিষয়	বিবরণী	সিদ্ধান্ত	বাস্তবায়নে
গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ :	: সভাপতি ও সদস্য সচিব সকলকে শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী সভায় পেশ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন রয়েছে কিনা সভায় জানতে চান।	: আলোচনাক্রমে কোনরূপ সংশোধনী ছাড়াই কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।	: --
অতঃপর গত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা ও অদ্যকার কার্যপত্র/আলোচ্যসূচী সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত হয়।			
আলোচনা-২ স্বাস্থ্য শিক্ষা ও সেনিটারী ইন্সপেক্টরের কার্যক্রম সংক্রান্ত	: সভাপতির অনুমতিক্রমে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় সেনিটারী ইন্সপেক্টরের কার্যক্রম সম্বন্ধে জানান যে, গত মাসে জীবিত জন্ম ছেলে শিশু ১৯৩ জন, মেয়ে শিশু ১৭২ জন, মোট ৩৬৫ জন এবং মোট মৃতের সংখ্যা ৫৫ জন। মৃত জন্ম = ০ জন। ০-৭ দিন = ০ জন, ৮-২৮ দিন = নাই, ২৯-দিন থেকে ১১ মাস = নাই, ১-৫ বছর = ০ জন, ৫+ বছরের উর্দে = ৪৩ জন। মাতৃ মৃত্যু- নাই। মোট মৃত্যু = ৫৫ জন। স্বাস্থ্য শিক্ষা : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে - ৩৬১ জন, ফতুল্লা উপ- স্বাস্থ্য কেন্দ্র-২৮৮ জন, প্রাথমিক বিদ্যালয়ে- ৩২৫৭ জন এবং সিসিতে ১৬৭৭ জনসহ সর্বমোট ৫৫৮৩ জনকে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়।	: ১। জন্ম ও মৃত্যুর নিবন্ধন সঠিক রূপে বাস্তবায়নের জন্য ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	: ২। স্বাস্থ্য শিক্ষা প্রদানের প্রতিবেদন রেজুলেশনে অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

		বাস্তবায়নে	ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মেডিকেল অফিসার (রোগ নিয়ন্ত্রন), সেনিটারী পরিদর্শক, স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য সহকারী, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা-৩ জরুরি প্রসূতী সেবা সংক্রান্ত	ঃ	বিবরণী	ঃ মাল্টি মিডিয়াম মাধ্যমে জরুরি প্রসূতী সেবা কার্যক্রম উপস্থাপন করা হয়। স্বাস্থ্য কমপ্লেক্সে ৫টি নরমাল ডেলিভারী, কমিউনিটি স্কিল বার্থ এটেন্ডেন্ট (মহিলা স্বাস্থ্য সহকারী) কর্তৃক ৩টি। সভাপতি মহোদয় হাসপাতালে ডেলিভারী বৃদ্ধি করার জন্য নার্সিং সুপারভাইজারকে পরামর্শ দেন এবং আরও বলেন হাসপাতালে আগত গর্ভবতী মায়েদের কাউন্সেলিং এর মাধ্যমে হাসপাতালে ডেলিভারী করার জন্য আগ্রহী করে তুলতে হবে। হাসপাতালে ডেলিভারী সংখ্যা বৃদ্ধির জন্য গর্ভবতী মাকে হাসপাতালে রেফার করে জরুরী বিভাগে দায়িত্বরত ডাক্তারকে অবগত করার করার সিদ্ধান্ত গৃহীত হয়।
		সিদ্ধান্ত	ঃ ১। কমিউনিটি স্কিল বার্থ এটেন্ডেন্ট এবং অন্যান্য মাঠকর্মী প্রত্যেককে ৫জন করে ANC/PNC রোগী হাসপাতালে রেফার করার জন্য সিদ্ধান্ত হয়। ২। প্রত্যেক কমিউনিটি স্কিল বার্থ এটেন্ডেন্টকে ১টি করে নরমাল ডেলিভারী রোগী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। প্রত্যেক কমিউনিটি স্কিল বার্থ এটেন্ডেন্ট হাসপাতালে এসে ২টি করে ডেলিভারী করানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।
		বাস্তবায়নে	ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মেডিকেল অফিসার (রোগ নিয়ন্ত্রন), স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য সহকারী, এসএসিএমও, কমিউনিটি হেল্থ কেয়ার প্রোভাইডার সিনিয়র স্টাফ নার্স, কমিউনিটি স্কিল বার্থ এটেন্ডেন্ট, সদর নারায়ণগঞ্জ।
সভাপতির সার্বিক মন্তব্য	ঃ	বিবরণী	ঃ সভাপতি সার্বিক বিষয়ে আলোচনা পেশ করার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি অদ্যকার সভার সিদ্ধান্তসমূহ সফলভাবে বাস্তবায়নের জন্য সকলকে উদাত্ত আহ্বান করেন।
		সিদ্ধান্ত	ঃ --
		বাস্তবায়নে	ঃ --

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ফাতেমা মনির
১৬.০৬.২২
(ফাতেমা মনির)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সদর।